

💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৭৯৫

১০/ কুরবানী প্রসঙ্গে (کتاب الضحایا)

পরিচ্ছেদঃ ৮৩. কুরবানীর অনুপযোগী পশু প্রসংগে।

باب مَا يُكْرَهُ مِنَ الضَّحَايَا

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ النُّفَيْلِيُّ، حَدَّثَنَا زُهَيْرُ، حَدَّثَنَا أَبُو إِسْحَاقَ، عَنْ شُرَيْحِ بْنِ النُّعْمَانِ، _ وَكَانَ رَجُلَ صِدْقٍ _ عَنْ عَلِيّ، قَالَ أَمَرَنَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم أَنْ نَسْتَشْرِفَ الْعَيْنَ وَالأَذُنَيْنِ وَلاَ نُصَحِّيَ بِعَوْرَاءَ وَلاَ مُقَابَلَةٍ وَلاَ مُدَابَرَةٍ وَلاَ خَرْقَاءَ وَلاَ شَرْقَاءَ وَلاَ شَرْقَاءَ . قَالَ زُهَيْرٌ فَقُلْتُ لأَبِي إِسْحَاقَ أَذَكَرَ عَضْبَاءَ قَالَ لاَ . قُلْتُ فَمَا الْمُقَابَلَةُ قَالَ يُقْطَعُ مِنْ مُؤَخَّرِ الأُذُن ِ . قُلْتُ فَمَا الشَّرْقَاءُ قَالَ يُقْطَعُ مِنْ مُؤَخَّرِ الأُذُن ِ . قُلْتُ فَمَا الشَّرْقَاءُ قَالَ يُقْطَعُ مِنْ مُؤَخَّرِ الأُذُن ِ . قُلْتُ فَمَا الشَّرْقَاءُ قَالَ يُقْطَعُ مِنْ مُؤَخَّرِ الأُذُن ِ . قُلْتُ فَمَا الشَّرْقَاءُ قَالَ يَتُطَعُ مِنْ مُؤَخَّرِ الأُذُن ِ . قُلْتُ فَمَا الْخَرْقَاءُ قَالَ تُخْرَقُ أُذُنُهَا لِلسِّمَةِ .

বাংলা

২৭৯৫. 'আবদুল্লাহ্ ইবন মুহাম্মদ নুফায়লী (রহঃ) 'আলী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম আমাদের কুরবানীর পশুর চোখ, কান ভাল করে দেখতে বলেছেন। আর আমরা যেন কোন কানা পশু কুরবানী না করি, আর আমরা যেন এমন পশুও কুরবানী না করি যার কান সামনের বা পেছনের দিক হতে কাটা, অথবা যার কান লম্বালম্বিভাবে চিরে গেছে।

রাবী যুহাইর বলেন, তখন আমি আবূ ইসহাক (রাঃ)-কে জিজ্ঞাসা করি যে, তিনি কি 'আয্বা সম্পর্কে কিছু বলেছেন? তিনি বলেন, না। তখন আমি তাঁকে জিজ্ঞাসা করিঃ মুকাবিলা কি? তিনি বলেনঃ ঐ পশু, যার কানের পিছনের দিক কাটা। তখন আমি তাকে আবার জিজ্ঞাসা করিঃ মুদারিবা কি? তিনি বলেন, ঐ পশু যার কানের পিছনের দিক কাটা। তখন আমি তাকে আবার জিজ্ঞাসা করিঃ শুরাকা কি? তিনি বলেনঃ ঐ পশু, যার কান সম্পূর্ণরূপে কাটা। তখন আমি পুনরায় জিজ্ঞাসা করিঃ খারকা কি? তিনি বলেনঃ ঐ পশু, যার কানের কোন চিহ্ন-ই নেই।

English

Narrated Ali ibn AbuTalib:



The Messenger of Allah (ﷺ) enjoined upon us to pay great attention to the eye and both ears, and not to sacrifice a one-eyed animal, and an animal with a slit which leaves something hanging at the front or back of the ear, or with a lengthwise slit with a perforation in the ear. I asked Abulshaq: Did he mention an animal with broken horns and uprooted ears? He said: No. I said: 'What is the Muqabalah?' He replied: 'It has been cut from the back of its ear.' I said: 'What about the Sharqa'? He replied: 'The ear has been split.' I said: 'What about the Kharqa'? He replied: 'A hole is made (in its ears) as a distinguishing mark.'"

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন